# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) রাজ্যে প্রথমবারের মতো বিদেশি বিনিয়োগ হয়েছে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা/

(২) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায় আজ জাতীয় বিজ্ঞান দিবস পালন। বিজ্ঞান পুরস্কারের জন্য বাছাই করা বিজ্ঞানী, উদ্ভাবক এবং প্রতিষ্ঠানগুলিকে শিক্ষামন্ত্রীর শুভেচ্ছা/

(৩) পরীক্ষার অনিয়মের মামলায় গ্রেপ্তার হওয়া ইউ এস টি এম'এর সত্ত্বাধিকারী জামিন চেয়ে গুয়াহাটি হাইকোর্টের দ্বারস্থ/

এবং

(৪) শিলচর-গুয়াহাটির মধ্যে রাতে ইন্টারসিটি এক্সপ্রেস আগামী দু-তিন মাসের মধ্যে চালু হয়ে যাবে বলে রাজ্যের মন্ত্রী কৌশিক রাইয়ের প্রকাশ/

------------------------------------------------------------------------------------

রাজ্যসরকারের বিভিন্ন বিভাগের দায়িত্বে থাকা মন্ত্রী-আধিকারিকদের আর্ন্তজাতিক স্তরে সফরের ফলস্বরূপ সদ্য সমাপ্ত দ্বিতীয় এডভান্টেজ আসাম'এ বহু বিদেশী রাষ্ট্র অংশগ্রহণ করে রাজ্যে বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে আরো বলেন যে- আর্ন্তজাতিক সহযোগিতা

শক্তিশালী করার প্রয়াসের অংশ হিসেবে জাপান, মালয়েশিয়া, কোরিয়া, সিঙ্গাপুর, থাইল্যান্ড, গ্রেট ব্রিটেন এবং সংযুক্ত আরব আমির শাহি সহ বিভিন্ন দেশের মুখ্য অংশীদারদের সঙ্গে ১৮০টিরও বেশি বৈঠক অনুষ্ঠিত হয়েছে । এর পরিপ্রেক্ষিতে এই শীর্ষ সম্মেলনে এক হাজার একশো'রও বেশি আর্ন্তজাতিক স্তরের প্রতিনিধি অংশ নিয়েছেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । মুখ্যমন্ত্রী এই সম্মেলনে রাজ্যের শিল্পক্ষেত্রে ৪১০ কোটি টাকা, পশুপালন ক্ষেত্রে ৩০০কোটি টাকা বিদেশি বিনিয়োগ হয়েছে বলে জানিয়েছেন । আগামীকাল পর্যন্ত খোলা থাকা এডভান্টেজ আসাম'এর প্রদর্শনীর কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে- এই প্রদর্শনীতে দুশো'রও বেশি স্টলের মাধ্যমে আসামের উন্নয়ন এবং উদ্ভাবনের অনন্য দিকসমূহ প্রদর্শন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

চলতি বছরে দেশ থেকে যক্ষ্মা রোগ নির্মূলকরণের উদ্দেশ্যে  সরকার সবধরণের ব্যবস্থা গ্রহণ করেছে । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ ওড়িশার পুরীতে দেশের জনস্বাস্থ্য রক্ষা ব্যবস্থা সম্পর্কিত নবম জাতীয় সম্মেলনের উদ্বোধন করে বলেন যে- সমগ্র বিশ্ব ২০৩০ সালের মধ্যে যক্ষ্মা রোগ সম্পূর্ণরূপে নির্মূল করার লক্ষ্য নির্ধারণ করেছে । তবে এই ক্ষেত্রে ভারত সরকারের কর্মপ্রণালীর প্রতি লক্ষ্য রেখে চলতি বছরের মধ্যেই দেশ থেকে এই রোগ নির্মূল করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে । শ্রী নাড্ডা বলেন যে- সরকার ২০১৭ সালে নতুন স্বাস্থ্য নীতি গ্রহণ করার পর এই ক্ষেত্রে বেশকিছু সংস্কার সাধন করা হয়েছে । তিনি বলেন- দেশে বর্তমানে প্রসূতি এবং শিশু মৃত্যুর হার বিশ্বের মোট হারের তুলনায় দ্বিগুণ গ্রাস পেয়েছে। দেশের প্রতিটি জেলায় কর্কট রোগীদের জন্য একটি করে ডে-কেয়ার সেন্টার স্থাপন করার বিষয়ে মন্ত্রণালয় চিন্তভাবনা করছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী বলেন যে- এই কেন্দ্রগুলিতে রোগ ধরা পড়ার ৩০দিনের মধ্যে চিকিৎসা প্রদানের ব্যবস্থা করা হবে ।

-----------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ জাতীয় বিজ্ঞান দিবস পালন করা হয়েছে । বিশিষ্ট পদার্থ বিজ্ঞানী স্যার সি ভি রমণের রমণ প্রভাব এর আবিষ্কারের সঙ্গে সংগতি রেখে প্রতি বছর ২৮ শে ফেব্রুয়ারী এই দিবস পালন করা হয় ।  এবার এই দিবসের মূল বিষয় হচ্ছে ---- 'বিকশিত ভারতের জন্য বিজ্ঞান ও উদ্ভাবনের ক্ষেত্রে বিশ্বের নেতৃত্ব বহন করতে ভারতীয় যুব প্রজন্মের সবলীকরণ' ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষ্যে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । শ্রী মোদী এক বার্তায় বলেন যে জ্ঞান ও বিজ্ঞান একসঙ্গে প্রতিটি সমস্যার সমাধান বের করে । তিনি বিকশিত ভারতের লক্ষ্য প্রাপ্তির জন্য বিজ্ঞান ও

উদ্ভাবনের বিষয়ে জনসাধারণের মধ্যে প্রচার ও প্রসারের জন্য সকলের প্রতি আহ্বান জানান ।

দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসামেও আজ জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচী পালন করা হয়েছে । শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু ২০২৪ ও ২০২৫ বর্ষের রাজ্য বিজ্ঞান পুরস্কারের জন্য নির্বাচিত বিজ্ঞানী ,যুব বিজ্ঞানী ,উদ্ভাবক এবং প্রতিষ্ঠানসমূহকে অভিনন্দন জানিয়েছেন । শিক্ষামন্ত্রী এক বার্তায় বলেন যে জাতীয় বিজ্ঞান দিবসের সঙ্গে সংগতি রেখে রাজ্য সরকারের বিজ্ঞান প্রযুক্তি ও জলবায়ু পরিবর্তন বিভাগের দ্বারা প্রদান করা এই সম্মান বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে গুরুত্বপূর্ন অবদানের জন্য বিশিষ্ট বিজ্ঞানী ,উদ্ভাবক তথা অন্যান্য সংস্থা ও প্রতিষ্ঠানকে অনুপ্রাণিত করবে ।
উল্লেখ্য আই আই টি গৌহাটীর প্রাক্তন সঞ্চালক তথা ভারতীয় তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠানের অধ্যাপক ড.গৌতম বরুয়াকে ২০২৪ বর্ষের বৈজ্ঞানিক গবেষনা ও উদ্ভাবনের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ আজীবন সাধনা পুরস্কার প্রদান করা হয়েছে । একইভাবে আই আই টি গৌহাটীর ইলেক্ট্রনিকস ও ইলেক্ট্রিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড.তন্ময় দত্তকে ২০২৪ বর্ষের যুব বিজ্ঞানী পুরস্কার প্রদান করা হয়েছে । রাজ্যে বিজ্ঞান গবেষণা এবং বিজ্ঞান শিক্ষার প্রসারের জন্য ভেষজ শিক্ষা ও গবেষণা সংক্রান্ত জাতীয় প্রতিষ্ঠান নাইপারকে প্রতিষ্ঠান পর্যায়ের বিজ্ঞান পুরস্কার প্রদান করা হয়েছে ।
২০২৫ বর্ষের জন্য গৌহাটী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড.দিলীপ কুমার চৌধুরীকে আজীবন কৃতিত্বের পুরস্কার প্রদান করা হয়েছে । পুনের জ্যোর্তিবিজ্ঞান ও জ্যোতি পদার্থ বিজ্ঞানের আন্তঃবিশ্ববিদ্যালয় কেন্দ্রের গবেষক ড.অংশুমান বরগোঁহাইকে এবছরের যুব বিজ্ঞানী পুরস্কার প্রদান করা হয়েছে । লখিমপুরের আসাম বিজ্ঞান লেখক সংস্থাকে বিজ্ঞান গবেষণার প্রচার ও প্রসারের জন্য বিজ্ঞান পুরস্কার প্রদান করা হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে নানা কার্যসূচীর মাধ্যমে আজ এই দিবস পালন করা হয়েছে ।
জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষ্যে আজ ব্রেক থ্রু সায়েন্স সোসাইটি শিলচর চ্যাপ্টার ও শিলচর মাসিমপুরের একটি বেসরকারী স্কুলের যৌথ উদ্যোগে বিজ্ঞানের মডেল প্রদর্শন , বিতর্ক প্রতিযোগীতা সহ বিভিন্ন ধরণের অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

শ্রীভূমি জেলার কেন্দ্রীয় বিদ্যালয়েও আজ এই দিবস পালন করা হয়েছে । বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতা ,মডেল উপস্থাপনা এবং একটি ক্যুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়  এবং দৈনন্দিন জীবনে বিজ্ঞানের তাৎপর্য তুলে ধরা হয় ।

অনুরূপভাবে হাইলাকান্দি জেলায়ও আজ নানা কার্যসূচীর মাধ্যমে জাতীয় বিজ্ঞান দিবস পালন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার এরালিগুলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগ এবং আই কিউ এ সি-র যৌথ উদ্যেগে আজ জাতীয় বিজ্ঞান দিবস পালন করা হয়েছে । অনুষ্ঠানের সমন্বয়ক ডক্টর অবিনাশ শুক্লবৈদ্য প্রদীপ প্রজ্বোলন করে জাতীয় বিজ্ঞান দিবসের সূচনা করেন ।  এ উপলক্ষ্যে ছাত্র-ছাত্রীদের নিয়ে বিজ্ঞান কুইজ প্রতিযোগীতা এবং একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে নবম শ্রেণী থেকেই কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কীত পাঠ্যক্রম অর্ন্তভুক্ত করা হবে বলে শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু ঘোষনা করেছেন । উত্তর লক্ষিমপুরে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী ডা:পেগু বলেন যে টাটার সঙ্গে সংযুক্ত হয়ে রাজ্য সরকার শিক্ষার ক্ষেত্রে নতুনত্বের সূচনা করার পরিকল্পনা করছে । এর অংশ হিসেবে নবম ,দশম ,একাদশ ও দ্বাদশ শ্রেণীতে নতুন করে ১১ টি ঐচ্ছিক বিষয় অর্ন্তভুক্ত করতে শিক্ষা বিভাগ প্রস্তুতি সম্পন্ন করেছে । কৃত্রিম বুদ্ধিমত্তা , রবোটিকস এডভান্সড মার্কেটিং ,সেমি কনডাক্টর ,মেশিন লার্নিং ইত্যাদিকে ঐচ্ছিক বিষয় হিসেবে অর্ন্তভুক্ত করা হবে । এরজন্য আসাম সরকার ৪০০ কোটি টাকা ব্যয় করবে ।

--------------------------------------------------------------------------------

পরীক্ষায় অনিয়মের অভিযোগে শ্রীভূমি জেলা পুলিশের গ্রেপ্তার করা ইউ এস টি এমের স্বত্তাধিকারী মহবুবুল হক জামিন চেয়ে গৌহাটী হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন । গৌহাটী হাইকোর্টের একজনের বিচারপীঠে আজ মহববুল হকের জামিন সম্পর্কে শুনানী গ্রহণ করা হয় । অভিযুক্ত হকের আইনজীবি তার জামিন প্রদানের সপক্ষে যুক্তি তুলে ধরেন এবং রাজ্য সরকারের প্রতিনিধিত্ব করা সরকারী আইনজীবি জামিনের বিরোধিতা করেন । পরে আদালত মহববুল হকের জামিনের আবেদনটি আগামী তেসরা মার্চ নিষ্পত্তি করার কথা ঘোষনা করে ।

--------------------------------------------------------------------------------

শিলচর ও গুয়াহাটির মধ্যে রাতে ইন্টারসিটি এক্সপ্রেস আগামী দুই-তিন মাসের মধ্যে চালু হয়ে যাবে বলে রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন সহ অন্য কয়েকটি বিভাগের মন্ত্রী কৌশিক রাই জানিয়েছেন । আজ লক্ষ্মীপুরে আয়োজিত এক অনুষ্ঠানের শেষে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী রাই বলেন--

বাইট

---------

উল্লেখ্য- এর আগে শ্রী রাই আজ লক্ষ্মীপুর বিধানসভার অর্ন্তগত বিন্নাকান্দির ছোট মামদায় আজ একটি মডেল ডিগ্রি কলেজের আনুষ্ঠানিক ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । ৩৫ কোটি টাকা ব্যয়সাপেক্ষে নির্মিয়মান এই কলেজটি ঐ এলাকার জনসাধারণের দীর্ঘদিনের আশা পূরণ করবে বলে মন্ত্রী উল্লেখ করেন । মডেল ডিগ্রি কলেজটির ভূমিপূজন অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি জানান যে- আগামী দুবছরের মধ্যে এই কলেজটি নির্মাণের কাজ শেষ হয়ে যাবে । এবং ২০২৭-২৮ শিক্ষাবর্ষ থেকে এই কলেজে কলা, বাণিজ্য ও বিজ্ঞান শাখায় ভর্তি প্রক্রিয়া শুরু হবে বলেও তিনি জানিয়েছেন । লক্ষ্মীপুরে ১৯৬০ সালে নেহরু কলেজ স্থাপনের পর দীর্ঘ ৬৫ বছর পর বিন্নাকান্দিতে এই উচ্চশিক্ষা প্রতিষ্ঠানটি স্থাপন হচ্ছে বলে উল্লেখ করে তিনি বলেন যে- এই পূর্ণাঙ্গ সরকারি কলেজটি ঐ অঞ্চলের ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা গ্রহণের ক্ষেত্রে অনেক সমস্যার সমাধান করবে । এছাড়াও লক্ষ্মীপুর বিধানসভার দেওয়ান চাবাগানে ২৫ লক্ষ টাকা ব্যয়ে নবনির্মিত মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্রের উদ্বোধন করেন মন্ত্রী শ্রী রাই । পরে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন যে- এই কেন্দ্র এলাকার শিশুদের যত্ন ও উন্নতির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ । এতে পরিপূরক পুষ্টি, স্বাস্থ্যসেবা, প্রাক-বিদ্যালয় শিক্ষা সহ সার্বিক বিকাশের বিষয়গুলি নিশ্চিত করবে ।

-----------------------------------------------------------------------------------

ভূবন তীর্থে এবছর শান্তিপূর্নভাবে শিব চর্তুদশী পালন করা হলেও গতকাল রাতে ভয়ঙ্কর অগ্নিকান্ড সংঘটিত হয় । তবে বর্তমানে আগুন নেভানো সম্ভব হয়েছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রনে রয়েছে বলে জেলা আয়ুক্ত মৃদুল যাদব জানিয়েছেন । তিনি আরো জানান যে

বাইট------

-----------------------------------------------------------------------------------

শিলচর ভেটারেন ক্লাব আয়োজিত বরাক প্রিমিয়ার লীগ প্রতিযোগীতার আজকের খেলায় নভোটিয়াস একাদশ ১৫৯ রানে বিজয়ী হয়েছে । স্থানীয় জেলা ক্রীড়া সংস্থার মাঠে

আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় নভোটিয়াস একাদশ টসে জিতে প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৮ উইকেটে ২৪৫ রান সংগ্রহ করে । জবাবে বদরপুরের আর এফ সি ১০ উইকেটের বিনিময়ে ৮৬ রান তুলতে সক্ষম হয় ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত টি-টুয়েন্টি নক আউট ক্রিকেট প্রতিযোগীতার আজকের প্রথম খেলায় স্টার এ দল ৬ উইকেটে রয়েল এসোসিয়েশনকে পরাজিত করেছে । দিনের দ্বিতীয় খেলায় ব্লাড মাউথ ক্লাব ১৫৬ রানের ব্যবধানে বাসস্টেন্ড ক্লাব অফ স্পোর্টস দলকে পরাজিত করে । প্রতিযোগীতার ফাইনাল খেলা আগামীকাল সকাল সাড়ে ১১টায় ব্লাড মাউথ ক্লাব ও স্টার এ দলের মধ্যে অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------